



প্রেস বিজ্ঞপ্তি

বঙ্গবন্ধুর সমাধিতে

বরিশাল বিশ্ববিদ্যালয়ের নবনিযুক্ত উপাচার্যের শ্রদ্ধা নিবেদন

বরিশাল বিশ্ববিদ্যালয়, ৬ মার্চ ২০২৪ খ্রিঃ।

মহান স্বাধীনতার স্ফুপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর সমাধিতে শ্রদ্ধা নিবেদন করেছেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের নবনিযুক্ত উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া। অদ্য ০৬ মার্চ ২০২৪ তারিখ বিকাল ৫ টায় উপাচার্য মহোদয় টুঙ্গিপাড়ায় জাতির পিতার সমাধিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে বিনয় শ্রদ্ধা নিবেদন করেন। শ্রদ্ধা নিবেদনকালে বরিশাল বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন, রেজিস্ট্রার, শিক্ষক সমিতির সভাপতি, সাধারণ সম্পাদক, বিভাগীয় চেয়ারম্যান, প্রভোস্ট, প্রক্টর, পরিচালক, দপ্তর প্রধান, শিক্ষকমণ্ডলী, কর্মকর্তা, কর্মচারীসহ বিভিন্ন পরিষদের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। শ্রদ্ধা নিবেদন শেষে অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া সকলকে সাথে নিয়ে ১ মিনিট নিরবতা পালন করেন এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ ১৫ আগস্টে শাহাদাৎ বরণকারী তাঁর পরিবারের অন্যান্য সদস্যদের রুহের মাগফিরাত কামনায় দোয়া-মোনাজাতে অংশ নেন। পরে উপাচার্য মহোদয় সমাধি কমপ্লেক্স সংলগ্ন বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর পরিদর্শন করে পরিদর্শক বহিতে স্বাক্ষর করেন। উল্লেখ্য, অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া গত ০৪ মার্চ ২০২৪ তারিখ বরিশাল বিশ্ববিদ্যালয়ে উপাচার্য হিসেবে যোগদান করেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়